গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

স্মারক নম্বর-২০.০০.০০০০.৩০৯.০৬.৩৮১.১৬- ৩৯৩

তারিখঃ ৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের মাসিক সমন্বয় সভা গত ২৮ মার্চ, ২০১৯ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:৩০ ঘটিকায় পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব বেগম ফৌজিয়া জাফরীন এর সভাপতিত্বে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সভা কক্ষে (ব্লক নং-০৬, কক্ষ নং-২২) অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

০৭/০৪/২০১৯
(মো: লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

*বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):*

১। ড. উত্তম কুমার দাশ, উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২। বেগম শাহীন আক্তার সুমী, সিনিয়র সহকারী সচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। জনাব মো: লুৎফর রহমান, গবেষণা কর্মকর্তা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। জনাব মো: সরওয়ার হোসেন, ডকুমেন্টেশন অফিসার, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। জনাব মো: সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৬। জনাব মো: হাবিবুর রহমান, সহকারী সচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৭। জনাব হারাধন চন্দ্র সরকার, সহকারী সচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৮। জনাব রুবেল মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৯। বেগম ইয়াসমিন হাসিনা, লাইব্রেরীয়ান, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
১০। মোসাম্মৎ রহিমা আক্তার, ব্যক্তিগত কর্মকর্তা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর-২০.০০.০০০০.৩০৯.০৬.৩৮১.১৬- ৩৯৩

তারিখঃ ৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ

***সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ***

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২। জনাব মো: সাখাওয়াত হোসেন, গবেষণা কর্মকর্তা, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (এসএসআরসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (এসএসআরসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। অফিস কপি।

০৭/০৪/২০১৯
(মো: লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

**বিষয়:** **সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সমন্বয় সভার কার্যবিবরণী।**

বিগত ২৮ মার্চ, ২০১৯ (১৪ চৈত্র, ১৪২৫) রোজ বৃহস্পতিবার সকাল ১০:৩০ টায় সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সমন্বয় সভা পরিকল্পনা বিভাগের অতিরিক্ত সচিব বেগম ফৌজিয়া জাফরীন-এর সভাপতিত্বে পরিষদের সভা কক্ষে (ব্লক-০৬, কক্ষ-২২) অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **পরিশিষ্ট-ক**-তে দেয়া হলো।

**২.০** সভাপতি সভার প্রারম্ভেই উপস্থিত কর্মকর্তাগণকে সভায় স্বাগত জানান। অতঃপর তিনি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহ্বান জানান।

**২.১ আলোচ্য বিষয়:** গত ২৪/০২/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি।

২.১.১ আলোচনা: সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের গত ২৪/০২/২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি ডিফল্টার গবেষকদের নিকট থেকে বকেয়া অর্থ আদায় এর বিষয়ে জানতে চান। তিনি অর্থ আদায়ের বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন। আলোচনা ও দিক নির্দেশনা মন্তব্য/নির্দেশনা কলামে উল্লেখপূর্বক নিম্নে অর্থ গ্রহণকারী ডিফল্টার গবেষকদের তালিকা দেয়া হলোঃ

| ক্রমিক নং | গবেষকের নাম ও পদবী | গবেষণার ক্যাটাগরি | আদায়যোগ্য অর্থ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১. | বেগম ইউ এস রোকেয়া আক্তার পিএইডি গবেষক | পিএইচডি | ৩৫,০০০/- | বারংবার তাগিদ দেয়ার পরও টাকা ফেরত না দেয়ায় PDR Act-এর আইন দেখে তাঁর বিরুদ্ধে জেনারেল সার্টিফিকেট মামলা করা হবে কিনা সে বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য নথি পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | জনাব গোলাম মোসতাকীম (মৃত), প্রাক্তন যুগ্ম সচিব | পিএইচডি | ৮০,০০০/- | উক্ত গবেষকের মৃত্যু সনদ প্রেরণের জন্য মানিকগঞ্জ জেলার জেলা প্রশাসককে পত্র লেখা হয়েছে। এ বিষয়ে তাঁর সাথে টেলিফোনে আলাপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | জনাব মো: জামাল উদ্দিন সরকার পিএইডি গবেষক | পিএইচডি | ২৫,০০০/- | বারংবার তাগিদ দেয়ার পরও টাকা ফেরত না দেয়ায় PDR Act-এর আইন দেখে তাঁর বিরুদ্ধে জেনারেল সার্টিফিকেট মামলা করা হবে কিনা সে বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য নথি পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | বেগম সুকান্তা করিম এমফিল গবেষক | এমফিল | ৩০,০০০/- | তিনি দেশের বাইরে থাকায় গত ১৭/০২/২০১৯ খ্রিঃ তারিখে বেগম সুকান্তা করিম, (এমফিল গবেষক, ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ), রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা এর সমাপ্তকৃত এমফিল থিসিস, সার্টিফিকেট, সিন্ডিকেট সভার সিদ্ধান্তের কপিসহ এ সংক্রান্ত অন্যান্য কাগজাদি পরিকল্পনা বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান বরাবর অনুরোধ করা হয়েছে। |
| ৫. | বেগম ফাতেমা জোহরা, নির্বাহী পরিচালক, Shee | ফেলোশীপ | ১,৫০,০০০/- | বারংবার তাগিদ দেয়ার পরও টাকা ফেরত না দেয়ায় PDR Act-এর আইন দেখে তাঁর বিরুদ্ধে জেনারেল সার্টিফিকেট মামলা করা হবে কিনা সে বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য নথি পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬. | জনাব অসীম উদ্দিন খান (মৃত), প্রাক্তন অধ্যাপক | ফেলোশীপ | ৩,০০,০০০ | ডেলিগেশন অব ফিন্যানসিয়াল পাওয়ার অনুযায়ী Write off এর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য সচিব মহোদয়ের অনুমোদন নেয়া হয়েছে। অর্থ বিভাগের মতামতের জন্য প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭. | বেগম ফাতেমা জোহরা, নির্বাহী পরিচালক, SHEE | প্রাতিষ্ঠানিক | ১,৫০,০০০/- | বারংবার তাগিদ দেয়ার পরও টাকা ফেরত না দেয়ায় PDR Act-এর আইন দেখে তাঁর বিরুদ্ধে জেনারেল সার্টিফিকেট মামলা করা হবে কিনা সে বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য নথি পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

২.৪ **বিবিধ:**

১। গবেষণা কর্মকর্তা-২ জানান যে, জাতীয় জার্নাল (বাংলা ও ইংরেজী) প্রকাশনার জন্য কার্যক্রম চলছে। ১০ জন গবেষকের নিকট ১০টি গবেষণা (ইংরেজী) প্রেরণ করা হয়েছে এর মধ্যে ০৬টির উপর আর্টিকেল পাওয়া গেছে, যা রিভিউ এর জন্য ড. পি সি সরকার এর নিকট প্রেরণ করা হয়েছে। আবার ১০ জন গবেষকের নিকট ১০টি গবেষণা (বাংলা) প্রেরণ করা হয়েছে এর মধ্যে ০৩টির উপর আর্টিকেল প্যাওয়া গেছে, যা রিভিউ এর জন্য উপসচিব (এসএসআরসি) এর নিকট দেয়া হয়েছে। আরো কয়েকটি আর্টিকেল পাওয়ার পর সবগুলো একসাথে মূল্যায়নকারীর নিটক প্রেরণ করা হবে।

২। এসএসআরসি এর নীতিমালা সংশোধনের জন্য সভায় আলোচনা হয়। প্রকাশনা, অনারিয়াম, বাজেট সংক্রান্ত টপশীট ও মনিটরিং এর বিষয়ে নীতিমালায় সুস্পষ্টভাবে উল্লেখ করার জন্য সভায় আলোচনা হয়। নীতিমালা সংশোধন এবং মূল্যায়নকারীদের সম্মানীর টাকা বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে আগামী এক সপ্তাহের মধ্যে সচিব মহোদয়ের অনুমোদনের নিমিত্ত নথি উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে সহকারী পরিচালক/উপসচিব বরাবর আগত ডাক অনলাইনে অনুমোদন নিয়ে সকল কর্মকর্তার নিকট আপলোডের বিষয়ে ব্যক্তিগত কর্মকর্তা মোছাম্মৎ রহিমা আক্তারকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

৪। গবেষক রেজিস্ট্রশন এর অগ্রগতির বিষয়ে সভাপতির জিজ্ঞাসার পরিপ্রেক্ষিতে সহকারী সচিব-১ জানান যে, বিষয়টির কার্যক্রম চলমান রয়েছে। গবেষক রেজিষ্ট্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.০ **সিদ্ধান্ত:** সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | ডিফল্টার গবেষকদের নিকট থেকে অর্থ আদায়ের ব্যাপারে আলোচ্য বিষয় ২.১.১ এ বর্ণিত গবেষকদের নামের পার্শ্বে উল্লিখিত মন্তব্য/নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল) ও গবেষণা কর্মকর্তা (সকল) |
| ২. | অবশিষ্ট প্রস্তাবনাসমূহ দ্রুত মূল্যায়ন শেষে ফেরত প্রদানের জন্য তাগিদ দেওয়াসহ গবেষকদের যোগ্যতা অনুসারে প্রদত্ত নম্বর যাচাই করার জন্য প্রত্যেক ক্যাটাগরির পর্যায়ক্রমে ০৫টি করে নিয়ে এসএসআরসির অতিরিক্ত সচিব, উপসচিব ও সিনিয়র সহকারী সচিবকে দেখানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী সচিব-১ |
| ৩. | এসএসআরসি এর কার্যক্রম নিয়ে ভিডিও তৈরির বিষয়ে একটি বাজেট প্রণয়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | গবেষণা কর্মকর্তা-২ |
| ৪. | জাতীয় জার্নাল (বাংলা) ০১টি ও (ইংরেজী) ০১টি দ্রুত প্রকাশনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | গবেষণা কর্মকর্তা-২ |
| ৫. | নীতিমালা সংশোধন ও গবেষকদের সম্মানী বৃদ্ধির বিষয়ে অর্থ বিভাগের মতামতের জন্য আগামী এক সপ্তাহের মধ্যে সচিব মহোদয়ের অনুমোদনের নিমিত্ত নথি উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | গবেষণা কর্মকর্তা-২ |
| ৬. | সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদে সহকারী পরিচালক/উপসচিব বরাবর আগত ডাক অনলাইনে অনুমোদন নিয়ে সকল কর্মকর্তার নিকট আপলোডের বিষয়ে ব্যক্তিগত কর্মকর্তা মোছাম্মৎ রহিমা আক্তারকে দায়িত্ব পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যক্তিগত কর্মকর্তা |
| ৭. | গবেষক রেজিষ্ট্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | সহকারী সচিব-১ |
| ৮. | ডিফল্টার গবেষকদের নিকট থেকে অর্থ আদায়ের বিষয়ে PDR Act-এর আইন দেখে জেনারেল সার্টিফিকেট মামলা করা হবে কিনা সে বিষয়ে নীতিগত সিদ্ধান্তের জন্য নথি পেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডকুমেন্টেশন অফিসার |

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( ড. উত্তম কুমার দাশ)
উপসচিব
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
পরিকল্পনা বিভাগ

(ফৌজিয়া জাফরীন)
অতিরিক্ত সচিব
পরিকল্পনা বিভাগ